

		
		
<p><b>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ পরকল্প</b>  <b>কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি</b>  <b>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</b></p>		

**সম্ভাব্য দুর্যোগপূর্ণ আবহাওয়া বিষয়ক বুলেটিন**  
**প্রকাশের তারিখ: ০৯.১১.২০১৯**

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও ত সংলগ্ন এলাকায় অবস্থানরত অতি প্রবল ঘূর্ণিঝড় 'বুলবুল' আরও উত্তর দিকে অগ্রসর হয়ে একই এলাকায় (২০° উত্তর অক্ষাংশ এবং ৮৭.৬° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ (০৯ নভেম্বর ২০১৯) সকাল ০৬ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৫২৫ কি.মি. দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৫১০ কি.মি. দক্ষিণপশ্চিমে, মংলা সমুদ্র বন্দর থেকে ৩৫০ কি.মি. দক্ষিণপশ্চিমে, এবং পায়রা সমুদ্র বন্দর থেকে ৩৭৫ কি.মি. দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি আরও উত্তর/উত্তর-পূর্ব দিকে অগ্রসর হয়ে আজ (০৯ নভেম্বর ২০১৯) সন্ধ্যা নাগাদ পশ্চিমবঙ্গ-খুলনা উপকূল (সুন্দরবনের নিকট দিয়ে) অতিক্রম করতে পারে। অতি প্রবল ঘূর্ণিঝড় 'বুলবুল' এর অগ্রবর্তী অংশের প্রভাবে সমুদ্র বন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় আজ (০৯ নভেম্বর ২০১৯) দুপুর থেকে দমকা/বোড়ো হাওয়া অব্যাহত থাকতে পারে।

মংলা ও পায়রা সমুদ্র বন্দরকে ১০ নম্বর মহা বিপদ সংকেত, চট্টগ্রাম সমুদ্র বন্দরকে ০৯ নম্বর মহা বিপদ সংকেত, কক্সবাজার সমুদ্র বন্দরকে ০৪ নম্বর স্থানীয় হুঁশিয়ারি সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

ঘূর্ণিঝড় ও মুন ফেজ এর প্রভাবে উপকূলীয় জেলা চট্টগ্রাম, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, চাঁদপুর, বরগুনা, ভোলা, পটুয়াখালী, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ৫-৭ ফুট অধিক উচ্চতার জলোচ্ছ্বাসে প্লাবিত হতে পারে।

সংশ্লিষ্ট এলাকার সকলকে সাইক্লোন সেন্টারে দ্রুত অবস্থান নিতে পরামর্শ দেওয়া হলো। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

